



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বিশ্বনাথ, সিলেট।


স্মার্ট আইডিয়া- “ফিশ আমব্রেলা”

উদ্দেশ্য- মধ্যসত্ত্বভোগী বিহীন মৎস্য ব্যবস্থাপনা, মানসম্মত পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা জোরদারকরণ, সময় ও অর্থ অপচয় রোধ করা। স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয়সাধন ও হ্রদতা বৃদ্ধি করা। ত্রিপক্ষীয় মত বিনিময়ের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ। চাহিদা অনুযায়ী মানসম্মত পণ্য উৎপাদন। আধুনিক ও প্রযুক্তিনির্ভর স্টেকহোল্ডার তৈরী করা। স্টেকহোল্ডারদের আস্থাশীল করা। সকল স্টেকহোল্ডার এর সক্ষমতা ও জ্ঞানবৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ। সর্বোপরি হ্যাচারী ওনার, নার্সারার, ফিড মিলার/ডিলার, ফিশ প্রোডিউসার, ফিশারম্যান, ফিশ সেইলার, ফিশ প্রসেসর, ফিশ একুয়া ইকুইপমেন্ট প্রোডিউসার/সেইলার ও স্মার্ট অরগানাইজার/সমন্বয়কারী তৈরী করা ও উদ্বুদ্ধ করা।

লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে গৃহীত কার্যক্রমসমূহ

- ১। প্রত্যেক সেক্টর এর সদস্যদের অগ্রাধিকারভিত্তিতে ফিশ আমব্রেলার সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা।
- ২। সুফলভোগীদের মধ্যে প্রত্যেক সেক্টরের সদস্যদের নিজস্ব চাহিদা অনুযায়ী প্রযুক্তি বিষয়ক আলোচনা করা এবং ও স্মার্ট জনশক্তিতে রূপান্তর করা।
- ৩। অনলাইনে ঋতুভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
- ৪। চাহিদা অনুযায়ী উৎপাদন ও বিপণন ব্যবস্থায় সমন্বয় সাধন।
- ৫। উৎপাদনকারী ও বিপণনকারীর মধ্যে উৎপাদিত পণ্যের অর্থনৈতিক বিশ্লেষণ এবং যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণ। (খামার প্রাইস ও মার্কেট প্রাইসের মধ্যে সমন্বয় সাধন)
- ৬। নিয়মিত তথ্য ও উপাত্ত ভিত্তিক মতবিনিময়।
- ৭। ডিজিটাল কীট, ইলেকট্রনিক ডিভাইস ও একুয়াইকুইপমেন্টের ও একুয়া মেডিসিনের ব্যবহার সম্পর্কে এবং সহজ প্রাপ্তির বিষয়ে সম্যক ধারণা দেয়া।
- ৮। ফিশ আমব্রেলার মাধ্যমে সরকারী গুরুত্বপূর্ণ ম্যাসেজসমূহ সুফলভোগীদের মধ্যে সহজে পৌঁছানো হবে।
- ৯। সহজে উদ্বুদ্ধকরণ প্রোগ্রাম আয়োজন করা।
- ১০। ফিশ আমব্রেলার সদস্যগণ ভবিষ্যতে স্মার্ট সমাজ গড়তে ভূমিকা রাখবে।
- ১১। প্রবাসী অধ্যুষিত এলাকা সমূহে প্রবাসীরা আমব্রেলার সদস্য হয়ে বিনিয়োগে আগ্রহী হবেন।
- ১২। এলাকার মৎস্য সম্পদের উন্নয়নে তৃণমূলের প্রতিনিধি হিসাবে যেকোনো সদস্য ফিশ আমব্রেলার মাধ্যমে সুচিন্তিত মতামত প্রদান করতে সক্ষম হবে। যা সকল ক্ষেত্রেই মানববান্ধব ও পরিবেশবান্ধব হবে। এছাড়াও জলজসম্পদ রক্ষণাবেক্ষণ ও এর পরিবেশবান্ধব ব্যবহারে সচেতন হবে।

উপসংহার:- ফিশ আমব্রেলার সদস্যগণ স্ব স্ব সেক্টরে স্বকীয়তা অর্জন করবেন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা রাখবেন।



(স্বপন কুমার ধর)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ. দা.)

বিশ্বনাথ, সিলেট।